দৈনিক জনকণ্ঠ

তারিখ FEB. 9 1999
পৃষ্ঠা ৩ কলাম ৪

55

# বুয়েটের ভর্তি পরীক্ষা ১০ এপ্রিল

বুয়েট রিপোর্টার ॥ বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের ১৯৯৮-৯৯ শিক্ষাবর্ষের ভর্তি পরীক্ষা আগামী ১০ এপ্রিল অনুষ্ঠিত হবে। ১৯৯৭-৯৮ শিক্ষাবর্ষে অনুষ্ঠিত ভর্তি পরীক্ষার পদ্ধতিতে এ বছর ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। রবিবার বুয়েট একামেডিক কাউন্সিল এ সিদ্ধান্ত নিয়েছে।

১৯৯৭-৯৮ শিক্ষাবর্ষে ভর্তি পরীক্ষার পদ্ধতি নিয়ে কর্তৃপক্ষের সাথে স্থাপত্য বিভাগের শিক্ষক ও ছাত্র-ছাত্রীদের বিরোধের সৃষ্টি হয়েছিল। পরবর্তীতে বুয়েটের চ্যান্সেলর প্রধানমন্ত্রী শেখ হাসিনার হস্তক্ষেপে তা নিষ্পত্তি ঘটে। এর পরই তৎকালীন উপাচার্য ডঃ ইকবাল মাহমুদ স্থাপত্য বিভাগের স্নাতক শ্রেণীর ভর্তি পরীক্ষার পদ্ধতি/নিয়মাবলী পুনর্মূল্যায়ন ও পুনর্বিন্যাস করার জন্য ডঃ জামিলুর রেজা চৌধুরীকে আহ্বায়ক করে, দশ সদস্যবিশিষ্ট আহ্বায়ক কমিটি গঠন করেন। এ আহ্বায়ক কমিটি গতবছরের ভর্তি পরীক্ষা পদ্ধতিতেই এ বছর ভর্তি পরীক্ষা নেয়ার সুপারিশ করে। সুপারিশ অনুযায়ীই এ বছর ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।

ভর্তি পরীক্ষার পদ্ধতি পুনর্মূল্যায়ন ও পুনর্বিন্যাস কমিটির সুপারিশ অনুযায়ী স্থাপত্য বিভাগের ড্রয়িং পরীক্ষার সময় ৫৫ মিনিটের স্থলে দেড় ঘণ্টা এবং ড্রয়িং পরীক্ষার আগে দশ মিনিটের স্থলে ৪৫ মিনিট বিরতি দেয়ার সিদ্ধান্ত নেয়া হয়েছে। অন্য সকল নিয়ম অপরিবর্তিত রয়েছে।